



## পাসপোর্ট অফিস, ঢাকা সেনানিবাস

পাসপোর্ট অফিস, ঢাকা সেনানিবাসে আবেদনের নিয়ম:

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত/যোগ্য আবেদনকারীগণ পাসপোর্ট অফিস, ঢাকা

সেনানিবাসে পাসপোর্টের আবেদনের জন্য [www.epassport.gov.bd](http://www.epassport.gov.bd) ওয়েবসাইটে প্রবেশ করুন। তারপর ওয়েব সাইটের নিচের দিকে Application at RPO Bangladesh Secretariat and Dhaka Cantonment এ ক্লিক করুন। এখান থেকে offline পিডিএফ আবেদন (Download a PDF form) পত্রটি ডাউনলোড করুন।

**\*\* (উল্লেখ্য ই-পাসপোর্ট আবেদন পত্রটি পূরণের আগেই Adobe.com লিংক থেকে Adobe Acrobat Rader DC ডাউনলোড এবং ইনস্টল করতে হবে) \*\***

এর পর offline পিডিএফ আবেদন পত্রটি সঞ্চে সঞ্চে ওপেন না করে আপনার আপনার কম্পিউটারের ইনস্টলকৃত Adobe Acrobat Rader DC ওপেন করে ফরমটি পূরণ করতে হবে। নতুন এবং রিইস্যু আবেদন উভয় ক্ষেত্রে অফলাইন ফর্মটি কম্পিউটারে পূরণ করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য:**

১. আবেদন পত্রের প্রথম পৃষ্ঠার নিচে বারকোড দৃশ্যমান থাকতে হবে।
২. আবেদনকারীর জন্ম তারিখ অবশ্যই কী-বোর্ডে টাইপ করে সংখ্যায় লিখতে হবে (নমুনা-01/01/2024)

**প্রয়োজনীয় কাপজপত্র:**

১. ই-পাসপোর্ট অফলাইন আবেদন পত্রের প্রিন্ট কপি (১ম পৃষ্ঠার নিচে বারকোড সহ)।
২. এনওসি এবং ব্যক্তিগত জিও এর ক্ষেত্রে ব্যাংক চালান কপি।
৩. এনওসি এবং জিও এর অরিজিনাল কপি (যা সংশ্লিষ্ট ওয়েবসাইটে অবশ্যই দৃশ্যমান থাকতে হবে)।
৪. ১৮ বছরের উর্ধ্বে ব্যক্তিদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের মূল কপি ও ফটোকপি।
৫. Previous passport যদি থাকে তার মূলকপি ও ফটোকপি।
৬. ১৮ বছরের নিম্নের আবেদনকারীর ক্ষেত্রে অনলাইন English জন্মনিবন্ধনের মূল কপি ও ফটোকপি।
৭. ১৮ বছরের নিম্নের আবেদনকারীর ক্ষেত্রে পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৮. ৬ বছরের কম বয়সী আবেদনকারীদের জন্য 3R সাইজ এর ছবি।